




এক নজরে

নামাযের সময়সূচী সহ

হজ ও ওমরা





اللَّهُمَّ إِنِّي أُرِيدُ الْعُمْرَةَ ط فَيَسِّرْهَا لِي
وَتَقَبَّلْهَا مِنِّي ط وَأَعِنِّي عَلَيْهَا وَبَارِكْ لِي فِيهَا
نَوَيْتُ الْعُمْرَةَ وَأَحْرَمْتُ بِهَا لِلَّهِ تَعَالَى

ওমরার
নিয়ত

অনুবাদ: হে আল্লাহ! আমি ওমরাহ করার ইচ্ছা করেছি। আমার জন্য তা সহজ করে দাও, আর আমার পক্ষ থেকে তা কবুল কর, আর তা পালন করতে আমাকে সাহায্য কর, আর তাকে (ওমরাকে) আমার জন্য বরকতময় করে দাও। আমি ওমরা পালন করার নিয়ত করছি, আর আল্লাহ তাআলার জন্য তার ইহরাম বেঁধেছি।

নখ, বগল এবং নাভীর নিচের লোমগুলো পরিষ্কার গোসলের পর ইসলামী ভাইয়েরা ইহরাম বাঁধবেন। ইসলামী বোনেরা নিয়মানুযায়ী পোষাক পরিধান করে থাকবে। আতর লাগাবেন। মাকরুহ সময় না হলে ইহরামের দুই রাকাত নফল নামায আদায় করুন। ইসলামী ভাইয়েরা মাথা খোলা রাখবেন। ইসলামী বোনেরাও মুখের উপর কাপড় রাখবেন না। ওমরার নিয়ত করে নিন, অতঃপর তিন বার লাব্বাইকা পড়ুন:

لَبَّيْكَ ط اللَّهُمَّ لَبَّيْكَ ط لَبَّيْكَ لَا شَرِيكَ
لَكَ لَبَّيْكَ ط إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ
وَالْمُلْكَ لَا شَرِيكَ لَكَ ط

অনুবাদ: আমি হাজির হয়েছি। হে আল্লাহ! আমি হাজির হয়েছি। হ্যাঁ, আমি হাজির হয়েছি। তোমার কোন শরীক নেই। আমি হাজির হয়েছি। নিশ্চয় সকল প্রশংসা এবং নেয়ামত সমূহ তোমারই, আর তোমার জন্য সকল ক্ষমতা। তোমার কোন অংশীদার নেই।

ইসলামী ভাইয়েরা ডান কাধ খোলা রাখবে এবং কা'বার দিকে রুকনে ইয়ামানীর পাশে হাজরে আসওয়াদের পাশে এভাবে দাড়াবে যেন, সম্পূর্ণ হাজরে আসওয়াদ ডান হাতের দিকে থাকে। এখন তাওয়াফের এভাবে নিয়্যত

তাওয়াফ
এর
নিয়্যত

اللَّهُمَّ إِنِّي أُرِيدُ طَوَافَ بَيْتِكَ الْحَرَامِ
فَيَسِّرْهُ لِي وَتَقَبَّلْهُ مِنِّي ط

অনুবাদ: হে আল্লাহ! আমি তোমার সম্মানিত ঘরের তাওয়াফ করার ইচ্ছা করছি। তুমি এটাকে আমার জন্য সহজ করে দাও। আর আমার পক্ষ থেকে তা কবুল কর।

এখন কা'বার দিকে মুখ করে নিজের ডান দিকে সামান্য সরে গিয়ে হাজরে আসওয়াদের ঠিক সামনে এসে দুই হাতকে এভাবে কান পর্যন্ত উঠাবেন যেন হাজরে আসওয়াদের দিকে থাকে এবং পড়ুন:

بِسْمِ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَاللَّهُ أَكْبَرُ
وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلَى رَسُولِ اللَّهِ

অনুবাদ: আল্লাহ নামে আরম্ভ আর সকল প্রশংসা আল্লাহর জন্য এবং আল্লাহ সবচেয়ে মহান, আর আল্লাহর রাসুল صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর উপর দরুদ ও সালাম বর্ষিত হোক।

এবং হাজরে আসওয়াদকে ইসতিলাম করুন অতঃপর সাথে সাথে এভাবে ফিরে যাবেন যেন কা'বা শরীফ আপনার বাম হাতের দিকে থাকে। ইসলামী ভাইয়েরা প্রথম তিন চক্রে রমল করবে। অর্থাৎ তাড়াতাড়ি ছোট ছোট কদমে কাধ হেলাতে হেলাতে চলুন। রুকনে আসওয়াদে এক চক্র পূর্ণ হয়ে গেল। অতঃপর আগের মত ইসতিলাম করুন। এখন নিয়্যত করা জরুরী নয়। তিন চক্রের পরে ইসলামী ভাইয়েরা মধ্যমভাবে তাওয়াফ করবে। সাত

চক্রর সম্পন্ন করার পর অষ্টম বার ইসতিলাম করুন। এখন ডান কাধ ঢেকে নিন, প্রত্যেক তাওয়াফে চক্রর সাত এবং ইসতিলাম ৮ বার হবে। এখন যদি মাকরুহ ওয়াজ্ত না হয়, তো এখন নতুবা পরে মসজিদুল হারামে দুই রাকাআত নাময ওয়াজিবুত তাওয়াফ আদায় করুন, অতঃপর মুলতায়িমে দোআ করুন। এরপর ক্বিবলাকে সামনে রেখে জমজম শরীফ পান করুন।



প্রথমবারের মত নবম বার ইসতিলাম করুন। ছাফা শরীফের মারবেল পাথর দেওয়া অংশের উপর সামান্য উঠুন, যাতে কাঁবা শরীফ দেখা যায়। ক্বিবলা মুখী হয়ে দাড়িয়ে দোআ করার মত হাত তুলে দোআ করুন। অতঃপর সাঙ্গির নিয়্যত করুন, এটা মুজ্তাহাব। নিয়্যত ছাড়াও সাঙ্গি শুদ্ধ হবে। সবুজ সংকেতের মধ্যখানে ইসলামী ভাই দৌড়ে মারওয়া এসে এক চক্র পূর্ণ হল। চেকপোস্টের নিচে ক্বিবলা মুখি দাড়িয়ে পূর্বের ন্যায় দোআ করুন। নিয়্যত করার প্রয়োজন নেই। এইভাবে হাটতে দৌড়াতে সাত চক্র মারওয়া উপর শেষ হবে। নতুন সাঙ্গির পরিবর্তে নিচের জায়গায় সাঙ্গি করুন। এখন মাথা মুন্ডন বা চুল কাটান। চুল কাটার সময় মাথার এক চতুর্থাংশের মধ্যে থেকে প্রত্যেক চুল আঙ্গুলের অগ্রভাগ সমপরিমাণ কাটা জরুরী। কাঁচি দ্বারা মাথার দুই তিন জায়গা থেকে কিছু চুল কেটে নিলে ইহরাম এর নিয়মনীতি সম্পন্ন হবেনা। ইসলামী বোনেরা শুধুমাত্র তাকসীর করুন। ওমরা সম্পন্ন হল। তামাত্ত হজ্জ কারী মাথা মুন্ডনো বা চুল কাটার পরে ইহরাম থেকে অবসর হয়ে গেছে। কিন্তু হজ্জে ইফরাদ ও কিরান পালনকারী মাথা মুন্ডানো, তাকসীর এখন করবে না। তাদেরকে এই ইহরামে হজ্জ আদায় করতে হবে। ইফরাদ হজ্জ পালনকারীর জন্য এই তাওয়াফ তাওয়াফে কুদ্দুম হয়েছে। কিরান হজ্জ পালনকারী এরপর তাওয়াফে কুদ্দুমের নিয়্যতে আরেকবার তাওয়াফ ও সাঙ্গি করবে।



হজ্জের নিয়্যত

اللَّهُمَّ إِنِّي أُرِيدُ الْحَجَّ فَيَسِّرْهُ لِي وَتَقَبَّلْهُ مِنِّي ۖ وَأَعِنِّي عَلَيْهِ
لِلَّهِ تَعَالَى وَبَرَكَ لِي فِيهِ ۖ نَوَيْتُ الْحَجَّ وَأَحْرَمْتُ بِهِ

অনুবাদ: হে আল্লাহ! আমি হজ্জ করার ইচ্ছা করেছি। তা আমার জন্য সহজ করে দাও। এটা আমার পক্ষ থেকে কবুল করুন, আর এতে আমাকে সাহায্য করুন এবং উহাকে আমার জন্য বরকতময় করুন। আমি হজ্জের নিয়্যত করেছি এবং আল্লাহ তাআলার জন্য এর ইহরাম পরিধান করেছি।

৮ই জিলহজ্জ ইহরাম পরিধান করে হজ্জের নিয়্যত করুন ও লাব্বাইকা পড়ুন। এখন হজ্জের তামাজুকারী চাইলে একটি নফল তাওয়াফে হজ্জের রমল ও সাঈ থেকে অবসর হতে পারেন। অন্যথায় তাওয়াফে জেয়ারতে হজ্জের রমল ও সাঈ করে নিন, আর এর মধ্যে সহজতর রয়েছে। মিনা শরীফে রওয়ানা, ৮ তারিখ নামাযে যোহর থেকে ৯ তারিখ ফজর এই পাঁচ ওয়াক্তের নামায মিনাতে আদায় করা

হজ্জের
প্রথম
দিন

জিলহজ্জের ৯ তারিখ আরাফাতের দিকে রওয়ানা, দুপুরের পর আরাফায় অবস্থান। সূর্য অস্ত যাওয়ার পর মাগরিবের নামায পড়া ব্যতিত মুযদালিফার দিকে রওয়ানা, মুযদালিফায় ইশার ওয়াক্তে মাগরিব ও ইশার নামায মিলিয়ে আদায় করা। রমীর জন্য ৪৯টি কংকর থেকে কিছু বেশী সংখ্যক কংকর একত্রিত করুন। ১০ তারিখ সুবহে সাদিকের পর মুযদালিফায় অবস্থান, ফজরের নামাযের পর মীনা শরীফের দিকে রওয়ানা।

হজ্জের
দ্বিতীয়
দিন

১০ই জিলহজ্জ সূর্য উদয়ের পর শুধুমাত্র বড় শয়তানকে ৭টি কংকর নিক্ষেপ করুন। এরপর কোরবানী করুন। (কখনো টোকেনে ক্রয় করবেন না) অতঃপর মাথা মুড়ানো বা চুল কাটানো তারপর তাওয়াফে জেয়ারত।

হজ্জের
তৃতীয়
দিন

১১ই জিলহজ্জ যোহরের ওয়াক্ত শুরু হওয়ার পর প্রথমে ছোট শয়তান এরপর মাঝারি শয়তান তারপর বড় শয়তানকে রমী করা, রাতে মীনা শরীফে অবস্থান করা।

হজ্জের
চতুর্থ
দিন

১২ই জিলহজ্জ যোহরের ওয়াক্ত শুরু হওয়ার পর ১১ তারিখের ন্যায় তিন শয়তানের উপর রমী করা, যদি ১৩ তারিখ রমী না করে তবে সূর্য অস্ত যাওয়ার পূর্বে মীনা শরীফের সিমানা থেকে বের হয়ে যান। ইসলামী বোনদেরকেও তিন দিন নিজের হাতে রমী করা ওয়াজিব, আর ওয়াজিব ছেড়ে দিলে দম ওয়াজিব হবে। যদি কেউ এখনো তাওয়াফে জেয়ারত না করে থাকে, তাহলে ১২ তারিখ সূর্য অস্ত যাওয়ার পূর্বেই করে নিন।

হজ্জের
পঞ্চম
দিন

এই কার্ড যথেষ্ট নয় আরো বিস্তারিত জানার জন্য “রফিকুল হারামাঈন” কিতাবটি অধ্যয়ন করুন।



এই কার্ডের মাধ্যমে হজ্জের নিয়ম কানুন আদায় করুন



মসজিদে নববী صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর দরজা মোবারকে দাড়িয়ে অনুমতির নিয়তে আরজ করুন।

الصَّلَاةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا رَسُولَ اللَّهِ

সোনালী জালির সামনা সামনি বড় ছিদ্র এবং দুইটি ছোট ছিদ্রের মধ্যখানে দরজা মোবারকের পূর্বদিকে লাগানো রূপার পেরেকের সোজা কমপক্ষে দুই গজ দূরে নামাযের মত হাত বেঁধে ছরকার صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ এর দরবারে মধ্যমস্বরে এইভাবে সালাত ও সালাম আরজ করুন:

নবী করীম

صَلَّى اللهُ تَعَالَى
عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ

রওজা শরীফে

হাজেরী

السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ ط
السَّلَامُ عَلَيْكَ يَا رَسُولَ اللَّهِ ط
السَّلَامُ عَلَيْكَ يَا خَيْرَ خَلْقِ اللَّهِ ط
السَّلَامُ عَلَيْكَ يَا شَفِيعَ
الْمُذْنِبِينَ ط
السَّلَامُ عَلَيْكَ وَعَلَى الْك
وَاصْحَابِكَ وَآمَّتِكَ أَجْمَعِينَ ط

হে নবী صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ আপনার উপর সালাম এবং আল্লাহ তাআলার রহমত ও বরকত (বর্ষিত হোক)। হে আল্লাহ তাআলার রাসূল صَلَّى اللهُ تَعَالَى عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ আপনার উপর সালাম, হে আল্লাহ তাআলার সমস্ত সৃষ্টিকুল থেকে উত্তম, আপনার উপর সালাম। হে গুনাহগারদের সুপারিশকারী আপনার উপর, আপনার আহলে বাইত ও সাহাবাদের উপর এবং আপনার সকল উম্মতের উপর সালাম।

দোআ করার জন্য জালি মোবারকের দিকে পিঠ করবেন না

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَآلِهِ مِنْ الشَّيْطَانِ الرَّجِيْمِ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

মক্কা শরীফ এক এর আশেপাশের এলাকার নামায সোহেরী ও ইকতারের সময়সূচী

(মিনা, মুজদালিফা, আরাফাত)

OCTOBER

অক্টোবর

ইশা

মগরিব

আছর (H)

যোহর

জবরে কুবরা

সূর্য উদয়

ফজর

তারিখ

ISHA	MAGRIB	ASR(H)	ZOHR	D.KUBRA	SUNRISE	FAJR	DATE
7:22:59	6:11:13	4:30:40	12:10:46	11:32:55	6:09:28	4:57:39	1
7:22:03	6:10:18	4:29:55	12:10:27	11:32:36	6:09:45	4:57:56	2
7:21:08	6:09:22	4:29:11	12:10:08	11:32:17	6:10:03	4:58:13	3
7:20:14	6:08:27	4:28:27	12:09:49	11:31:58	6:10:20	4:58:31	4
7:19:20	6:07:33	4:27:42	12:09:31	11:31:39	6:10:38	4:58:48	5
7:18:26	6:06:39	4:26:58	12:09:13	11:31:21	6:10:57	4:59:05	6
7:17:34	6:05:45	4:26:14	12:08:55	11:31:03	6:11:15	4:59:23	7
7:16:42	6:04:52	4:25:31	12:08:38	11:30:45	6:11:34	4:59:41	8
7:15:51	6:03:59	4:24:47	12:08:21	11:30:28	6:11:53	4:59:59	9
7:15:01	6:03:07	4:24:04	12:08:05	11:30:10	6:12:13	5:00:16	10
7:14:11	6:02:15	4:23:21	12:07:49	11:29:54	6:12:33	5:00:34	11
7:13:22	6:01:24	4:22:38	12:07:33	11:29:37	6:12:53	5:00:52	12
7:12:34	6:00:33	4:21:55	12:07:18	11:29:21	6:13:14	5:01:11	13
7:11:47	5:59:43	4:21:13	12:07:04	11:29:05	6:13:35	5:01:29	14
7:11:01	5:58:54	4:20:32	12:06:50	11:28:50	6:13:56	5:01:48	15
7:10:15	5:58:06	4:19:50	12:06:37	11:28:35	6:14:18	5:02:07	16
7:09:31	5:57:18	4:19:10	12:06:24	11:28:21	6:14:41	5:02:26	17
7:08:48	5:56:31	4:18:29	12:06:12	11:28:07	6:15:03	5:02:45	18
7:08:05	5:55:45	4:17:49	12:06:01	11:27:54	6:15:27	5:03:05	19
7:07:24	5:54:59	4:17:10	12:05:50	11:27:41	6:15:51	5:03:25	20
7:06:43	5:54:15	4:16:31	12:05:40	11:27:29	6:16:15	5:03:45	21
7:06:04	5:53:31	4:15:53	12:05:30	11:27:17	6:16:40	5:04:06	22
7:05:25	5:52:48	4:15:16	12:05:21	11:27:06	6:17:05	5:04:27	23
7:04:48	5:52:06	4:14:39	12:05:13	11:26:56	6:17:31	5:04:48	24
7:04:12	5:51:25	4:14:03	12:05:06	11:26:46	6:17:57	5:05:10	25
7:03:36	5:50:45	4:13:27	12:04:59	11:26:37	6:18:24	5:05:32	26
7:03:02	5:50:06	4:12:53	12:04:53	11:26:29	6:18:51	5:05:54	27
7:02:30	5:49:28	4:12:19	12:04:47	11:26:21	6:19:19	5:06:17	28

নোট: আরাফাতের জন্য প্রদত্ত সময় থেকে ৩২ সেকেন্ড কম করে দিন।